জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৫৩ তারিখ:১২/১২/২০১৬

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ডিগ্রী (পাস) পাঠদানকারী কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী **২০ ডিসেম্বর ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৬ জানুয়ারী ২০১৭ তারিখ** রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি **বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা **সংশ্লিষ্ট কলেজে ১৭ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।**

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। তাদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)** এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১২/২০১৩/২০১৪ সালের এস.এস.সি/সমমান এবং ২০১৪/২০১৫/২০১৬ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) ২০১২/২০১৩/২০১৪ সালের **O-Level** পরীক্ষায় কমপক্ষে **তিনটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৪/২০১৫/২০১৬ সালের A-Level পরীক্ষায় অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এই ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।** এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এই ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।

২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) **একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হয়, তা হলে তাদের বয়সের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।**

গ) **ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে।**

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions** অথবা **admissions.nu.edu.bd) এবং SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে **(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) Degree Pass Tab** এ গিয়ে **Apply Now (Degree Pass)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি যোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে ও কোর্স পছন্দক্রম অনুযায়ী ভর্তি কার্যক্রম চলবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

ছ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant’s Login (Degree Pass) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর পরিবর্তন করা যাবে না।

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

৪। রিলিজ স্লিপে আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে /কলেজের E-mail এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ণের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে শিক্ষার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।

ঘ) সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] সোনালী সেবার মাধ্যমে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Degree pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের নম্বর উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ক্লাস শুরু ঃ ১৫ ফেব্রুয়ারী ২০১৭

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮, কল সেন্টার: ০৯৬১৪০১০৬৪২৯, ফ্যাক্স-৯২৯১০৭২
ই-মেইল- deanug@nubd.info

স্মারক(১০১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৫৩ তারিখঃ ১২/১২/২০১৬

অনুলিপি:
১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয়বিশ্ববিদ্যালয়
৫। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। অফিস কপি উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস) স্নাতকপূর্ব শিক্ষা বিষয়কস্কুল

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।